

WELLAND GOULDSMITH SCHOOL, PATULI
CLASS - VIII
BENGALI 2ND LANGUAGE
SESSION - 2020 - 2021
ANSWER KEY

কবিতা - বাল্মীকি
কবি - মাইকেল মধুসূদন দত্ত

1. নীচের প্রশ্ন গুলির সংক্ষেপে উত্তর দাও :

ক) রত্নাকর কিভাবে তাঁর সংসারযাত্রা নির্বাহ করতেন?

উ: রত্নাকর দস্যুবৃত্তি করে অর্থাৎ অন্য লোকেদের উপর আক্রমণ করে, তাদের হত্যা করে ধনসম্পত্তি কেড়ে নিয়ে সংসারযাত্রা নির্বাহ করতেন।

খ) রত্নাকরের নাম কি কারণে বাল্মীকি হয়েছিল?

উ: নিজে কর।

গ) রত্নাকর কিভাবে ঋষিত্ব প্রাপ্ত হয়েছিলেন?

উ: রত্নাকর প্রজাপতি ব্রহ্মার বরে ঋষিত্ব প্রাপ্ত হয়েছিলেন।

ঘ) কোন মহাকাব্য রচনা করে বাল্মীকি যশস্বী হয়েছেন?

উ: 'রামায়ণ' মহাকাব্য রচনা করে বাল্মীকি যশস্বী হয়েছেন।

ঙ) বাল্মীকির পূর্ব নাম কি ছিল?

উ: নিজে কর।

2. বোধগম্যতার পরীক্ষামূলক প্রশ্ন :

১. " স্বপনে ভ্রমিণু আমি গহন কাননে
একাকী। দেখিনু দূরে যুব একজন
দাঁড়িয়ে তাঁহার কাছে প্রাচীন ব্রাহ্মণ- "

– কে স্বপ্নে ভ্রমণ করলেন? কোথায় ভ্রমণ করলেন? স্বপ্নে কোন যুবাকে দেখলেন? তাঁর কাছে কে দাঁড়িয়ে আছেন?

উ: মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বাল্মীকি' নামক সনেটে কবি নিজে স্বপ্নে ভ্রমণ করলেন।

কবি এক গহন অরণ্যে ভ্রমণ করলেন।

স্বপ্নে কবি যুবক রূপী দস্যু রত্নাকরকে দেখলেন। এই রত্নাকরই পরবর্তীকালে বাল্মীকি নামে খ্যাত হয়েছিলেন।

এখানে রত্নাকরের কাছে বৃদ্ধ ব্রাহ্মণ রূপী প্রজাপতি ব্রহ্মা দাঁড়িয়েছিলেন।

২. " চাহিস বধিতে মোরে কিসের কারণে?

জিজ্ঞাসিলা দ্বিজবর মধুর বচনে।

" বধি তোমা হরি আমি লব তব ধন ",

উত্তরিলা যুব-জন ভীম গরজনে। – "

– দ্বিজবর যুবাকে কি জিজ্ঞাসা করলেন? যুবকই বা কি উত্তর দিল? 'ভীম গরজনে' কথাটির অর্থ কি?

উ: মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বাল্মীকি' কবিতায় কবি স্বপ্নে দেখলেন যে ব্রাহ্মণরূপী ব্রহ্মা দস্যু রত্নাকরকে প্রশ্ন করেছেন যে রত্নাকর ব্রহ্মাকে কেন হত্যা করতে চায়।

দস্যু রত্নাকর ব্রহ্মার প্রশ্নের উত্তরে বলল যে, সে ব্রহ্মাকে হত্যা করে তাঁর সব ধনসম্পত্তি কেড়ে নেবে।

' ভীম গরজনে ' কথাটির অর্থ হল ভীষণ গর্জন করে।

৩. " সে দুরন্ত যুব-জন, সে বৃদ্ধের বরে,
হইল ভারত, তব কবিকুল-পতি। "

– যুব-জন কে? বৃদ্ধ কাকে বলা হয়েছে?

উ : নিজে কর।

3. ব্যাখ্যামূলক প্রশ্ন :

১. " দাঁড়ায়ে তাহার কাছে প্রাচীন ব্রাহ্মণ –
দ্রোণ যেন ভয়শূন্য কুরুক্ষেত্র রণে। "

ক) এই ছত্র দুটি কোন কবিতার অংশ?

উ : এই ছত্র দুটি মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বাল্মীকি' কবিতার অংশ।

খ) কবি স্বপ্নাবেশে কি দেখেছিলেন?

উ : আলোচ্য কবিতায় কবি স্বপ্নাবেশে দেখেছিলেন যে তিনি গভীর অরণ্যের মধ্যে ভ্রমণ করছেন। সেখানে একটু দূরে এক যুবক দাঁড়িয়ে আছে।

গ) প্রাচীন ব্রাহ্মণ কোথায় দাঁড়িয়েছিলেন?

উ: এখানে আমরা দেখি যে প্রাচীন ব্রাহ্মণ এক যুবকের পাশে দাঁড়িয়েছিলেন।

ঘ) ব্রাহ্মণের মনে কি কোনো প্রকার ভয়ের সঞ্চার হয়েছিল? তাঁকে কার সঙ্গে তুলনা করা হয়েছে?

উ: ব্রাহ্মণ রূপী ব্রহ্মা ভয় পাননি। তাঁর মনে কোন ভয়ের সঞ্চার ঘটেনি।

এখানে ব্রাহ্মণ রূপী ব্রহ্মার সঙ্গে কুরুক্ষেত্রের যুদ্ধক্ষেত্রে দাঁড়ানোর নির্ভীক চিত্তের দ্রোণাচার্যের তুলনা করা হয়েছে।

২. " শুনিবু সত্বরে –

সুধাময় গীত-ধ্বনি আপনি ভারতী
মোহিত ব্রহ্মার মনঃ স্বর্ণবীণা করে,
আরম্ভিলা গীত যেন – মনোহর অতি ; "

ক) কবি কি শুনলেন?

উ: কবি মাইকেল মধুসূদন দত্ত সুধাময় গীতধ্বনি শুনলেন।

খ) কবির কানে কি সুর বেজে উঠল?

উ: কবির কানে অপূর্ব সুর ছন্দ যুক্ত কবিতা ধ্বনি বেজে উঠল।

গ) তাঁর মনের অবস্থা কি হয়েছিল?

উ: এই সুরধ্বনি শুনে কবির মন পুলকিত হয়ে উঠেছিল। কবির মনে হয়েছিল যেন দেবী সরস্বতী স্বয়ং ব্রহ্মাকে তুষ্ট করার জন্য মধুর সঙ্গীত আরম্ভ করেছেন।

4. ব্যাকরণ :

১. শব্দার্থ লেখ :

প্রাচীন – পুরোনো

ভয়শূন্য – ভয়হীন

উত্তরীলা – উত্তর দিল

ভীম গরজনে – নিজে কর

সুধাময় – মধুর / অমৃতময়

আরম্ভিলা – শুরু করল

মনোহর – সুন্দর